সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# তারাগঞ্জে শিক্ষক পেটালেন চেয়ারম্যান!

প্রতিনিধি, তারাগঞ্জ (রংপুর)

রংপুর তারাগঞ্জ উপজেলায় এক চেয়ারম্যানের বিরুদ্ধে শিক্ষককে মারপিট করার অভিযোগ পাওয়া গেছে। এতে এলাকাবাসীর মধ্যে আতঙ্ক বিরাজ করছে। অভিযোগে জানা গেছে, উপজেলার হাড়িয়ারকুঠি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হারুন অর রশিদ বাবুল উপজেলার এম-ডাংগীরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মৃত্যুঞ্জয় রায়ের কাছ থেকে গত রোববার রাত ১.৩০ মিনিট সময় ১ লাখ টাকা দাবি করেন। চেয়ারম্যানের দাবিকৃত টাকা দিতে অস্বীকার করলে ওই শিক্ষককে মারপিট করে ফাঁকা স্টাম্পের উপর জোরপূর্বক স্বাক্ষর নেন। উপজেলার এম-ডাংগীরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মৃত্যুঞ্জয় বলেন, আমার কাছ থেকে চেয়ারম্যান বাবুল ১ লাখ টাকা দাবি করে ফাঁকা স্টাম্পে স্বাক্ষর নেয়ায় আমি উপজেলা শিক্ষা অফিসারকে লিখিত অভিযোগ দিয়েছি। এ বিষয়ে চেয়ারম্যান হারুন অর রশিদ বাবুলের মুটোফোনে কথা হলে তিনি বলেন, আমার সঙ্গে ইউনিয়ন পরিষদে দেখা করেন।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
পি.এ
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর